টুঙ্গিপাড়া থেকে মিছিল গিয়ে পিরোজপুরে বিএনপি কার্যালয়ে আগুন



ছবি: সংগৃহীত

পিরোজপুরের নাজিরপুরে বিএনপির একটি কার্যালয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। রোববার (১৫ নভেম্বর) বিকেল ৩টার দিকে উপজেলার মালিখালী ইউনিয়নের উত্তর ঝনঝনিয়া টাওয়ার মোড়ে এ ঘটনা ঘটে।

স্থানীয় প্রত্যক্ষদর্শীরা জানান, গোপালগঞ্জের টুঙ্গিপাড়া উপজেলার ডুমুরিয়া এলাকা থেকে ২০০ থেকে ৩০০ জনের একটি মিছিল এসে কার্যালয়টিতে হামলা চালায়। এ সময় ভাঙচুরের পর আগুন দেওয়া হয়।

বিএনপি নেতাদের অভিযোগ, মিছিলে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা ছিলেন। তাঁরা মালিখালী ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক সুমন তালুকদারের বাড়িতেও হামলা চালান। কার্যালয়টি তাঁর মালিকানাধীন ভবনে অবস্থিত।

পিরোজপুর জেলা বিএনপির আহ্বায়ক মো. নজরুল ইসলাম খান বলেন, টুঙ্গিপাড়া ও কোটালীপাড়া থেকে আসা লোকজন বিএনপির কার্যালয়ে আগুন দিয়েছে এবং সুমন তালুকদারের বাড়িতে হামলা চালিয়েছে।

নাজিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তরিকুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, মামলা দায়েরের প্রস্তুতি চলছে। মামলা হলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

এ ঘটনার প্রতিবাদে সোমবার (১৬ নভেম্বর) বিকেল ৩টায় নাজিরপুরের সাচিয়া বাজারে সমাবেশের ঘোষণা দিয়েছে জেলা বিএনপি। রোববার রাতে ফেসবুক পোস্টে কর্মসূচির কথা জানান নজরুল ইসলাম খান।